# সমীক্ষাটির বিষয়ে:

### কেন এই সমীক্ষা হচ্ছে?

GP Patient Survey এমন ভাবে পরিকল্পনা করা হয়েছে যাতে রোগীরা GP প্র্যাকটিস ও অন্যান্য স্থানীয় NHS পরিষেবা সম্পর্কে নিজেদের অভিজ্ঞতার বিষয়ে মতামত দেওয়ার সুযোগ পান।

স্থানীয় GP প্র্যাকটিস ও অন্যান্য স্থানীয় NHS পরিষেবায় আপনার অভিজ্ঞতা সম্পর্কে এই সমীক্ষা আপনাকে জিজ্ঞাসা করে, এবং এর মধ্যে আপনার সাধারণ স্বাস্থ্য সম্পর্কে প্রশ্নসমূহ অন্তর্ভূক্ত। এতে রোগীদের বিভিন্ন বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করবে, যেমন, রোগীদের তাদের প্র্যাকটিসে যোগাযোগ করাটা কতটা সহজ বা কঠিন, স্বাস্থ্যসেবা পেশাজীবীদের কাছ থেকে প্রাপ্ত সেবার মান, এবং আপনার GP প্র্যাকটিস বন্ধ থাকলে NHS পরিষেবার অভিজ্ঞতা। এছাড়া NHS ডেন্টাল এবং ফার্মাসি পরিষেবাগুলিতে অভিজ্ঞতার বিষয়ক প্রশ্নগুলিও সমীক্ষাটিতে অন্তর্ভুক্ত।

আমরা যে উত্তরগুলো পাই সেগুলো আপনার ও আপনার পরিবারের মতো মানুষদের জন্য স্থানীয় স্বাস্থ্যসেবা উন্নত করতে NHS-কে সাহায্য করে। আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমাদের জানতে পারাটা গুরুত্বপূর্ণ, এমনকি যদি আপনি সম্প্রতি আপনার GP প্র্যাকটিসে নাও গিয়ে থাকেন, অথবা আপনি যদি আগেও কোনো সমীক্ষায় অংশ নিয়ে থাকেন।

### এটা আসলে কার কাছ থেকে?


Ipsos একটি স্বাধীন সমীক্ষা সংস্থা, যারা NHS England-এর হয়ে এই সমীক্ষাটি চালাচ্ছে।

### আমাকে কেন অংশ নিতে আমন্ত্রণ জানানো হয়েছে?

আপনাকে অংশ নিতে আমন্ত্রণ জানানো হয়েছে কারণ ইংল্যান্ডের একটি GP-তে নাম লেখানো প্রাপ্তবয়স্ক রোগীদের তালিকা থেকে আপনাকে এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছে। 2.5 মিলিয়নের বেশি ইংল্যান্ডের GP-তে নিবন্ধিত (16 বছরের বেশি বয়সী) রোগীদের GP Patient Surveyটি এই বছর পাওয়ার জন্য নির্বাচন করা হয়েছে।

**আমাকে কেন টেক্সট মেসেজ পাঠানো হয়েছে? এটা কি বৈধ?**

যেখানে আমাদের মোবাইল নম্বর আছে, সেখানে এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আমরা একটি রিমাইন্ডার হিসাবে টেক্সট মেসেজ পাঠাই। টেক্সট মেসেজগুলি পাঠানো হয় GP Survey বা আপনার ফোন প্রোভাইডার ও ডিভাইস অনুযায়ী 'NHS GP Patient Survey –র পক্ষ থেকে। প্রতিটি টেক্সট মেসেজে একটি অনন্য লিঙ্ক রয়েছে, যেটিতে আপনার লগ-ইন এর বিবরণ দেওয়া হয়েছে। এটি আপনাকে ব্যক্তিগত অ্যাক্সেস কোড প্রবেশ করানো ছাড়াই অনলাইনে অংশগ্রহণ করতে সমর্থ করবে। এখানে এমনই একটি টেক্সট মেসেজ-এর দৃষ্টান্ত দেওয়া হল:




এছাড়া আপনি হয়ত একটি ই-চিঠিতে অনন্য লিঙ্ক দেওয়া একটি টেক্সট বার্তা পাবেন যা সমীক্ষাটিতে অংশগ্রহণ করতে আপনাকে আমন্ত্রণ জানাবে। এটি আপনাকে ব্যক্তিগত অ্যাক্সেস কোড প্রবেশ করানো ছাড়াই অনলাইনে অংশগ্রহণ করতেও সমর্থ করবে।

**এই সমীক্ষাটি আবার কেন করা হচ্ছে?**

GP Patient Survey GP প্র্যাকটিসে দেওয়া যত্ন ও পরিষেবা সম্পর্কে রোগীদের অভিজ্ঞতা ও পছন্দ বিষয়ে মতামত দেওয়ার সুযোগ প্রদান করে। সময়ের সাথে সাথে পরিবর্তন ট্র্যাক করতে এবং পরিষেবার মান পর্যবেক্ষণ করতে আমরা প্রতি বছর GP Patient Survey চালাই। সমীক্ষাটি NHS কে GP প্র্যাকটিস এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলিকে উন্নত করতে সাহায্য করবে যাতে তারা আপনার চাহিদাগুলি আরও ভালভাবে পূরণ করতে পারে। এমনকি আপনি যদি গত বছর সমীক্ষায় অংশ নিয়েও থাকেন তাহলেও আপনার আরো সাম্প্রতিক অভিজ্ঞতা সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ।

## আমি যদি অংশগ্রহণ না-করি, তাহলে আমি কেন যোগাযোগ করব?

অংশগ্রহণ করার বিষয়টি সম্পূর্ণ নিজের ইচ্ছার ব্যাপার। তবু আমরা আশা করছি, আপনি অংশগ্রহণ করবেন। কেননা, এর মাধ্যমে আমরা যতখানি সম্ভব সবচেয়ে ভাল একটা ধারণা পাব যে, GP প্র্যাকটিস ও অন্যান্য স্থানীয় NHS পরিষেবায় মানুষের অভিজ্ঞতা কেমন।

আপনি যদি এই সমীক্ষা সম্পর্কিত কোনও রিমাইন্ডার পেতে না-চান, তাহলে অনুগ্রহ করে Freephone 0800 819 9135 নম্বরে ফোন করে Ipos Survey helpline-এ যোগাযোগ করে নিন (সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে রাত 9টা পর্যন্ত; শনিবার, সকাল 10টা থেকে সন্ধ্যা 5টা পর্যন্ত)। আপনি GPPatientSurvey@ipsos.com-এ Ipos-কে ইমেইলও পাঠাতে পারেন।

অনুগ্রহ করে আপনার অ্যাক্সেস কোড দেওয়ার জন্য প্রস্তুত থাকুন, যা আপনি এই চিঠির মাঝামাঝি জায়গায় পেয়ে যাবেন।

## আমার GP প্র্যাকটিস সম্পর্কে আমার কিছু অভিযোগ আছে যেগুলি সমীক্ষায় কভার করা হয়নি। আমি কিভাবে অভিযোগ জানাতে পারি?

আপনার ডাক্তার, নার্স বা GP প্র্যাকটিস সম্পর্কে আপনার অন্য কোন জিজ্ঞাস্য বা অভিযোগ থাকলে Ipsos আপনাকে কোনোভাবে সহায়তা করতে পারবে না। Ipsos কেবল NHS England-এর হয়ে GP Patient Surveyটি চালাচ্ছে।

আপনার নিজের GP প্র্যাকটিস নিয়ে কোনও অভিযোগ যদি জানাতে চান, তাহলে আপনি লিখিত ভাবে সেই প্রতিক্রিয়া অন্য ভাবে জানাতে পারেন। যেমন আপনার GP প্র্যাকটিস অবশ্যই ফ্রেন্ডস অ্যান্ড ফ্যামিলি টেস্ট (FFT) দেবে, যার সাহায্যে আপনি নিজের অভিজ্ঞতা সম্পর্কে নিজের মন্তব্য দিতে পারবেন। এ ছাড়াও, আপনি যেসব পরিষেবা পেয়েছেন, সেগুলি সম্পর্কেও ওয়েবসাইটগুলিতে, যেমন NHS ওয়েবসাইটে এবং Care Opinion-এ নিজের মন্তব্য পোস্ট করে নিজের প্রতিক্রিয়া জানাতে পারেন। প্রতিক্রিয়া কী ভাবে জানাতে হয়, সেই সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে NHS England-এর এই ওয়েবসাইটে:

https://www.england.nhs.uk/participation/get-involved/how/feedback/

আপনার GP প্র্যাকটিস প্রদত্ত পরিষেবা বা পরিচর্যা সম্পর্কে আপনি কোন অভিযোগ করতে চাইলে আপনি সরাসরি প্র্যাকটিসে নাকি কমিশনারের কাছে অভিযোগ করবেন তা বেছে নিতে পারেন, যা হল সেই সংস্থা যারা আপনার পাওয়া পরিষেবা বা পরিচর্যার বিল মেটান। GP পরিষেবার জন্য আপনার কমিশনার হল আপনার স্থানীয় ইন্টিগ্রেটেড কেয়ার বোর্ড (ICB)। বেশির ভাগ সময়েই প্র্যাকটিস স্থানীয়ভাবে আপনার জন্য বিষয়টি সমাধান করতে সক্ষম হবে। আপনি যদি আপনার স্থানীয় ICB-র কাছে অভিযোগ করা বেছে নেন, তাহলে আপনি NHS England » Contact your local integrated care board (ICB) ওয়েবসাইটে কিভাবে তাদের সাথে যোগাযোগ করবেন তা জেনে নিতে পারেন।

অভিযোগ করার বিষয়ে আরো তথ্য নিম্নলিখিত ওয়েবসাইটে পেতে পারেন:

NHS England » Feedback and complaints about NHS services

## আমি কী সমীক্ষার ফলাফল দেখতে পারি?

হ্যাঁ, সমীক্ষার ফলাফল প্রকাশিত হয় এবং www.gp-patient.co.uk ওয়েবসাইটে দেখতে পারা যাবে।

## সমীক্ষাটি সম্পূর্ণ করা:

### আমাকে কি সবগুলি প্রশ্নের উত্তর দিতেই হবে?

“আপনার সম্পর্কে” বিভাগে থাকা যেকোনো জনতত্ব-বিষয়ক প্রশ্নসহ এই প্রশ্নগুলির যে কোনোটির উত্তর দেওয়া সম্পূর্ণ ঐচ্ছিক। তাই আপনাকে সবগুলোর উত্তর দিতেই হবে এমন না। কিন্তু আমরা আশা করি আপনি যত বেশি সম্ভব প্রশ্নের উত্তর দিবেন কারণ তাহলে আমরা আপনার অভিজ্ঞতার আরো ভাল ধারণা পাব।

অনলাইন সমীক্ষা স্বয়ংক্রিয়ভাবে কিছু প্রশ্ন বাদ দিয়ে যাবে যা আপনার আগের উত্তরগুলির উপর ভিত্তি করে আপনার জন্য প্রাসঙ্গিক না। যদি আপনি কাগজের প্রশ্নমালাটি ব্যবহার করে অংশগ্রহণ করেন, অনুগ্রহ করে নির্দেশাবলী যত্নসহকারে অনুসরণ করুন।

### আমি টিক না কাটা চিহ্ন দেব?

যে উত্তরটি আপনার নিজস্ব মতামত অথবা অভিজ্ঞতার সবচেয়ে কাছাকাছি সেই খোপে আপনি হয় একটি টিক অথবা কাটা চিহ্ন দিতে পারেন।

### সমীক্ষায় অংশ নেওয়ার জন্য আমার যদি সাহায্যের প্রয়োজন হয় তাহলে কী হবে?

যে সব রোগীদের জরিপে অংশ নিতে সাহায্যের প্রয়োজন হয়, তাদের জন্য Ipsos একটি টেলিফোন সমীক্ষার হেল্পলাইন দিচ্ছে। অনুগ্রহ করে সোম থেকে শুক্রবার সকাল ৪টা থেকে রাত 9টার মধ্যে অথবা শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টার মধ্যে 0800 819 9137 নম্বরে ফোন করুন।

যে সব রোগীরা কাগজের প্রশ্নাবলী সম্পূর্ণ করতে অনিচ্ছুক তারা অনলাইনে www.gp-patient.co.uk/survey এ গিয়ে (যখন সমীক্ষাটি খোলা থাকবে) অংশগ্রহণ করতে পারেন। তবে অনুগ্রহ করে মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গ্রহণ করা হবে।

### প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় BSL সংকেতের অর্থ কী?

প্রশ্নাবলীর প্রথম পৃষ্ঠায় BSL সংকেতটি হল British Sign Language-এর প্রতীক।

British Sign Language (BSL) ব্রিটেনে সাইন ল্যাঙ্গুয়েজ-এর সবচেয়ে প্রচলিত ধরণ। ভাষা হিসাবে BSL-এর নিজস্ব ব্যাকরণ এবং বাক্যগঠন আছে, এবং এটা কথ্য ইংরেজি ভাষার উপর নির্ভরশীল নয় অথবা নিবিড়ভাবে সম্পর্কিত নয়।

GP Patient Survey এবং সমীক্ষার একটি অনলাইন সংস্করণ সম্পর্কে আরও তথ্য BSL ব্যবহারকারী পৃষ্ঠার মাধ্যমে British Sign Language-এ উপলব্ধ।

### আমি প্রশ্নাবলী পূরণ করতে একটি ভুল করেছি। আমি কী করব?

ভুল করে থাকলেও আমরা চাই আপনি আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী পাঠাবেন। অনুগ্রহ করে ভুল উত্তরের জন্য খোপটি সম্পূর্ণ ভর্তি করুন এবং তারপর যত্নসহকারে সঠিক খোপে টিক চিহ্ন দিন।

### আমি আমার প্রশ্নাবলী হারিয়ে ফেলেছি; আপনি কি আমাকে আর একটি প্রতিলিপি পাঠাতে পারেন?

আমরা ফেব্রুয়ারিতে এমন সকল ব্যক্তিদের কাগজে প্রশ্নমালা পাঠাচ্ছি যাদের অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানানো হয়েছিল, কিন্তু তারা তখনও করে নি। এরপর যদি আপনি নিজের প্রশ্নাবলি হারিয়ে ফেলেন, তাহলে আপনি অনলাইনে অংশগ্রহণ করতে পারবেন, অনুগ্রহ করে GPPatientSurvey@ipsos.com-তে অ্যাক্সেস কোডের জন্য আমাদের ইমেইল করুন এবং আমরা এটা আপনাকে ইমেইলে ফেরত পাঠাব। এটার জন্য কয়েক দিন সময় লাগতে পারে কারণ অ্যাক্সেস কোড সুরক্ষিতভাবে রাখা হয়।

এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আপনাকে টেক্সট মেসেজ পাঠিয়েও আমন্ত্রণ জানানো হতে পারে। বেশির ভাগ টেক্সট মেসেজেই একটি ইউনিক লিঙ্ক থাকবে, যার সাহায্যে আপনি নিজের অ্যাক্সেস কোড না-দিয়েও অনলাইনে এই সমীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। কিছু-কিছু টেক্সট মেসেজে একটি আমন্ত্রণী ই-লেটার থাকবে, সেটি আপনি অনলাইনে দেখে নিতে পারবেন, সেখানে বিশদ ভাবে বলা থাকে যে এই সমীক্ষায় কী ভাবে অংশগ্রহণ করতে হয়।

অংশগ্রহণ করার ব্যাপারে আপনার যদি আরও সহায়তার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 8টা থকে রাত 9টার মধ্যে এবং শনিবারে সকাল 10টা থেকে সন্ধ্যা 5টার মধ্যে 0800 819 9135 নম্বরে ফোন করে নেবেন।

### আমার হয়ে কি আমার স্বামী বা স্ত্রী/বন্ধু/অন্য সমীক্ষায় অংশগ্রহণ করতে পারে?

চিঠিতে যে ব্যক্তির নাম লেখা আছে সমীক্ষাটি সেই ব্যক্তির বাস্তবিক অভিজ্ঞতা জানতে চায়, সুতরাং যদিও আপনি প্রশ্নাবলী পূর্ণ করার জন্য কারো কাছে সাহায্য চাইতে পারেন, সেটি অবশ্যই শুধু আপনার নিজস্ব অভিজ্ঞতার বিষয়ে উত্তর দেবেন।

### আমি অন্য লোকদের জন্য যে GP প্র্যাকটিসে যোগাযোগ করি সেই অভিজ্ঞতার বিষয়ে কি আমি উত্তর দিতে পারি?

হ্যাঁ, কিন্তু সমীক্ষার কেবল একটি অংশে। সমীক্ষার বেশিরভাগ প্রশ্ন চিঠিতে আপনার অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞাসা করে। 'আপনার শেষ যোগাযোগ' নামক বিভাগটিতে (প্রশ্ন 8 থেকে 16) আপনার বা অন্য কারোর হয়ে আপনি যখন প্র্যাকটিসে যোগাযোগ করেছেন, তখনকার বিষয়ে প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব।

এছাড়া 'যখন আপনার GP প্র্যাকটিস বন্ধ আছে' শিরোনামের বিভাগে (প্রশ্ন 33 থেকে 36) কিছু প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব সেই সময়ের বিষয়ে যখন আপনার GP প্র্যাকটিস বন্ধ ছিল আর (আপনার বা অন্য কারোর হয়ে) আপনি কোনো NHS পরিষেবার সাথে যোগাযোগ করেছেন বা ব্যবহার করেছেন।

কিন্তু বাকি প্রশ্নগুলো আপনার অভিজ্ঞতার ভিত্তিতেই উত্তর দিতে হবে।

### আমি কি কাউকে সমীক্ষায় অংশ নিতে সাহায্য করতে পারি?

হ্যাঁ, আপনার একজন বন্ধু বা আত্মীয় যদি সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য সাহায্য চান, তাহলে আপনি সাহায্য করতে পারেন। তবে, উত্তরগুলি অবশ্যই শুধু তাদের অভিজ্ঞতার বিষয়ে হওয়া উচিত।

**আমি কি অন্য কারোর পক্ষে সমীক্ষাটি পূরণ করতে পারি?**

সমীক্ষাটি সম্পূর্ণ করার জন্য কারো যদি আপনার সাহায্যের প্রয়োজন হয়, আপনি সাহায্য করতে পারেন। কিন্তু উত্তর শুধুমাত্র তাদের অভিজ্ঞতা সম্পর্কে হওয়া উচিত।

যদি আপনার আত্মীয় বা বন্ধুর অংশ নেওয়ার ক্ষমতা না থাকে, তাহলে আপনি তাদের পক্ষে সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারেন, যদি তারা আপনাকে এটি করার অনুমতি দেন। সমীক্ষার শেষে জনতত্ব সংক্রান্ত প্রশ্নগুলিসহ, অনুগ্রহ করে শুধুমাত্র তাদের অভিজ্ঞতা সম্পর্কে সমস্ত প্রশ্নের উত্তর দেবেন।

এছাড়া প্রশ্নমালা পূরণ করতে সমস্যা হওয়া ব্যক্তিদের জন্য Ipsos একটি ফ্রীফোনে সমীক্ষার হেল্পলাইন প্রদান করে। অনুগ্রহ করে সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 9টার মধ্যে অথবা শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টার মধ্যে 0800 819 9137 নম্বরে ফোন করুন।

**আমাকে কি চিঠিটি ফেরত পাঠাতে হবে?**

না, আপনাকে শুধু আপনার সম্পূর্ণ করা প্রশ্নাবলী প্রদত্ত ফ্রীপোস্ট খামে ভরে ফেরত পাঠাতে হবে।

**আমি গত সপ্তাহে/গত মাসে/সম্প্রতি আমার প্র্যাকটিস পরিবর্তন করেছি, আমাকে কি তা সত্ত্বেও সমীক্ষায় অংশ নিতে হবে?**

যদি আপনি অক্টোবর 2024 থেকে আপনার GP প্র্যাকটিসের পরিবর্তন করে থাকেন তাহলে আপনার GP প্র্যাকটিসের সম্পর্কে প্রশ্নের জন্য আপনি আগে যে প্র্যাকটিসের অধীনে রেজিস্টার করেছিলেন তা সম্পর্কে প্রশ্নাবলীর উত্তর দিন। তবে, আপনার শেষ অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে কোনো জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে আপনার আগে কোনো জেনারেল প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্ট ছিল কিনা সেটি ভেবে দেখুন। এটা যে কোনো জেনারেল প্র্যাকটিসের অবস্থান হতে পারে যেমন GP প্র্যাকটিস, বা অন্যান্য স্থান যেমন GP হাব বা স্বাস্থ্য কেন্দ্রে।

**গত বছর আমার GP প্র্যাক্টিসে কোনও অ্যাপয়েন্ট ছিল না। তবুও আমাকে একটি চিঠি পাঠানো হয়েছে। আমি কি অংশগ্রহণ করব?**

হ্যাঁ। যদি GP প্র্যাক্টিসে আপনার নাম রেজিস্টার্ড থাকে। সম্প্রতি GP-তে, নার্স বা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীর সঙ্গে আপনার কোনও অ্যাপয়েন্টমেন্ট যদি না-ও হয়, তবু আপনার উত্তরগুলি আমাদের জন্য মূল্যবান। এই সমীক্ষায় এমন কিছু প্রশ্ন আছে, যেগুলিতে আপনাকে জিজ্ঞাসা করা হয়েছে যে শেষ কবে আপনি নিজের GP প্র্যাক্টিসের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেছিলেন এবং আপনার শেষ জেনারেল প্র্যাক্টিস অ্যাপয়েন্টমেন্ট কবে ছিল। এর সাহায্যে আমরা বুঝতে পারব যে, আপনার অভিজ্ঞতা সাম্প্রতিক কি না।

**আমি নিজের প্র্যাকটিসে একজন GP (ডাক্তার)-এর সঙ্গে সাক্ষাৎ করার বদলে, সাধারণত একজন নার্স বা একজন পেশাদার স্বাস্থ্যর্মীর সঙ্গে সাক্ষাৎ করি। আমি কি তা সত্ত্বেও সমীক্ষাতে অংশ গ্রহণ করতে পারি?**

হ্যাঁ। আপনি তাও সমীক্ষাতে অংশ গ্রহণ করতে পারেন। প্র্যাক্টিসে কর্মরত সমস্ত পেশাদার স্বাস্থ্যকর্মী, যেমন নার্স, ফার্মাসিস্ট, বা মানসিক স্বাস্থ্য বিষয়ক পেশাদার কর্মী, সেই সঙ্গে GP সম্পর্কে আপনার অভিজ্ঞতা জানার জন্যও প্রশ্ন থাকবে। সামগ্রিক ভাবে প্র্যাক্টিস সার্ভিসগুলিকে উন্নত করার জন্য এই অ্যাপয়েন্টমেন্টগুলি সম্পর্কে আপনার প্রতিক্রিয়া যথেষ্ট মূল্যবান।

**আমার কবের মধ্যে অংশ গ্রহণ করা প্রয়োজন?**

অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব অংশ নিন এবং যেকোনো ক্ষেত্রে নিশ্চিত করুন যে আপনি 31 মার্চ 2025-এর মধ্যে সমীক্ষাটি সম্পূর্ণ করেছেন।

**আমার চিঠির সাথে আমি একটি খাম/প্রশ্নাবলী পাইনি।**

এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য যাঁদের আমন্ত্রণ জানানো হয়েছিল, তাঁরা যদি এখনও অংশগ্রহণ করে না-থাকেন, তাহলে আমরা তাঁদের কাছে ফেব্রুয়ারিতে প্রশ্নাবলির কাগজ পাঠাব।

প্রশ্নাবলির কাগজ ব্যবহার করে আপনি যদি অংশগ্রহণ করতে চান, তাহলে Freephone 0800 819 9135-এ ফোন করে বা GPPatientSurvey@ipsos.com-এ ইমেইল পাঠিয়ে Ipsos-এর সঙ্গে যোগাযোগ করে নিন। অনুগ্রহ করে আপনার 12 সংখ্যার অ্যাক্সেস কোড অবশ্যই দেবেন যেন।

আপনার কাছে যদি একটি প্রশ্নাবলী থাকে (কিন্তু খাম ছাড়া), তাহলে অনুগ্রহ করে "FREEPOST GP PATIENT SURVEY" লেখা খামে ভরে দেবেন। কোন ডাকটিকিট লাগবে না।

এছাড়াও আপনি www.gp-patient.co.uk/survey তে গিয়ে (যখন সমীক্ষা খোলা থাকে) এ সমীক্ষাটি সম্পূর্ণ করতে পারেন। আপনি যদি আপনার অ্যাক্সেস কোড হারিয়ে ফেলে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার অনুরোধের সাথে GPPatientSurvey@ipsos.com ইমেইল করুন এবং আমরা এটি আপনাকে আবার ইমেইল করব। সমস্ত অ্যাক্সেস কোড সুরক্ষিত ভাবে রাখা হয় তাই এটি কয়েক দিন সময় নিতে পারে।

# অনলাইনে প্রশ্নাবলী পূরণ করা:

### আমি কি অনলাইনে প্রশ্নাবলীটি পূরণ করতে পারি?

হ্যাঁ, আপনি অনলাইনে www.gp-patient.co.uk/survey-তে গিয়ে অংশ গ্রহণ করতে পারেন। আপনাকে আপনার অ্যাক্সেস কোড লিখতে হবে। এই চিঠির মাঝামাঝি জায়গায় অ্যাক্সেস কোড প্রিন্ট করা আছে। অনুগ্রহ করে মনে রাখবেন, রোগী প্রতি কেবল একটি উত্তর গৃহীত হবে।

### অনলাইনে সমীক্ষা সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় আমার অ্যাক্সেস কোড আমি হারিয়ে ফেলেছি। আমি কি পুনরায় এটি পেতে পারি?


যদি আপনি আপনার অ্যাক্সেস কোড হারিয়ে ফেলেন তাহলে অনুগ্রহ করে আপনার অনুরোধটি GPPatientSurvey@ipsos.com ঠিকানায় ইমেইল করুন এবং আমরা এটি আপনাকে আবার ইমেইল করবো। সমস্ত সমীক্ষার নম্বর এবং পাসেওয়ার্ড সুরক্ষিত রাখা হয় তাই এটি কয়েক দিন সময় নিতে পারে।


বিকল্প হিসেবে, আপনি পরবর্তী রিমাইন্ডারের চিঠি বা টেক্সট বার্তা না পাওয়া পর্যন্ত অপেক্ষা করতে পারেন, যা সমীক্ষাটি পূরণ করেননি এমন প্রত্যেক ব্যক্তিকে পাঠানো হবে। আপনার অ্যাক্সেস কোড চিঠিতে মুদ্রণ করা থাকবে।

### আমি অনলাইনে অংশ নিতে অ্যাক্সেস কোড কোথায় পেতে পারি?

আপনার অ্যাক্সেস কোড 12 অক্ষরের এবং আপনার চিঠি বা প্রশ্নাবলীতে এইরকম দেখাচ্ছে: XXXX-XXXX-XXXX। উদাহরণস্বরূপ, 9N67-MYQK-FPSB। আপনি যখন অনলাইন সমীক্ষায় আপনার অ্যাক্সেস কোড লিখবেন, অনুগ্রহ করে প্রতিটি বক্সে 4টি অক্ষর টাইপ করুন।

সেই সঙ্গে, মোবাইল নম্বর থাকলে, পেশেন্টদের এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আমরা একটি রিমাইন্ডার হিসাবে টেক্সট মেসেজ পাঠাই। টেক্সট মেসেজগুলি পাঠানো হয় GP Survey-র পক্ষ থেকে। প্রতিটি টেক্সট মেসেজে একটি অনন্য লিঙ্ক রয়েছে, যেটিতে আপনার লগ-ইন এর বিবরণ দেওয়া হয়েছে। এটি আপনাকে ব্যক্তিগত অ্যাক্সেস কোড প্রবেশ করানো ছাড়াই অনলাইনে অংশগ্রহণ করতে সমর্থ করবে। এখানে এমনই একটি টেক্সট মেসেজ-এর দৃষ্টান্ত দেওয়া হল:




আপনাকে এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাতে বা তার রিমাইন্ডার পাঠাতে আপনাকে একটি ইমেইলও পাঠানো হতে পারে। সেগুলিতেও অনলাইন সমীক্ষার জন্য একটি ইউনিক লিঙ্ক থাকবে।

**পরবর্তী গবেষণার জন্যও আমার সঙ্গে যাতে ফের যোগাযোগ করা হোক বলে সম্মতি জানাই, তাহলে কী হবে?**

প্রথমত, ভবিষ্যতে কোনও গবেষণায় অংশগ্রহণ করার বিষয়টি নিজের ইচ্ছার ব্যাপার। আপনি অংশগ্রহণ করতে চাইবেন কি না, সেই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য সর্বদাই আপনাকে আগে থেকে পর্যাপ্ত তথ্য দেওয়া হবে।

আপনি যদি অনুমতি দেন যে আপনার সঙ্গে যোগাযোগ করা হোক, তাহলে আমরা পরবর্তী দু'বছর আপনার ফোন নম্বর ইত্যাদি সুরক্ষিত ভাবে আমাদের কাছে রেখে দেব। সমস্ত পরিকল্পিত গবেষণায় অনুমোদন দেবে NHS England। Ipsos-কে NHSE বলবে, তাদের হয়ে আপনার সঙ্গে যোগাযোগ করে আপনাকে নতুন কোনও গবেষণা সম্পর্কে জানাতে, এবং আপনি যদি অনুমতি দিয়ে থাকেন, তাহলে আপনার ফোন নম্বর ইত্যাদি শুধুমাত্র অনুমোদিত প্রতিষ্ঠানগুলিকেই দেওয়া হবে।

আপনি যদি একজন শুশ্রূষা প্রদানকারী হন, এবং আপনি যদি Office for National Statistics (ONS)-এর জন্য এই অনুমতি দিয়ে রাখেন যে আপনার অভিজ্ঞতা জানার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করা হোক, তাহলে সেই প্রতিষ্ঠানগুলিকে আপনার ফোন নম্বর ইত্যাদি দেওয়া হবে। আপনি যদি এই সম্মতি দেন যে, ভবিষ্যতের গবেষণার ব্যাপারে আপনার সঙ্গে যোগাযোগ করা হোক, তাহলে আপনার সমস্ত ডাটা সুরক্ষিত আমাদের সিস্টেম থেকে এপ্রিল 2027-এর মধ্যে সরিয়ে দেওয়া হবে। এই তারিখের আগে যে-কোনও সময় আপনি নিজের মন বদলাতে পারেন।

আপনি যদি 'না' বলেন, তাহলে এই সমীক্ষার ভবিষ্যৎ কোনও গবেষণার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করা হবে না। আমরা নিজেদের গোপনীয়তা নীতি মেনে আপনার ফোন নম্বর ইত্যাদি এবং NHS নম্বর ডিলিট করে দেব। সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আপনাকে যদি এলোপাথারি ভাবে বেছে নেওয়া হয়, তাহলে আপনার সঙ্গে GP Patient Survey বা অন্য কোনও সমীক্ষার

জন্য ভবিষ্যতে আপনার সঙ্গে যোগাযোগ করা হবে। বিশদ তথ্যের জন্য অনুগ্রহ করে www.gp-patient.co.uk/confidentiality দেখুন।

**অংশগ্রহণ করা:**

### কেন আমাকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়নি? আমি কীভাবে সমীক্ষায় অংশ নেব?

সমীক্ষাটি এলোপাথাড়িভাবে নির্বাচিত মানুষদের কাছে পাঠানো হয়েছে যারা ইংল্যান্ডে একজন GP-এর কাছে নিবন্ধিত। সমীক্ষাটি যে বৈধ তা নিশ্চিত করার জন্য, Ipsos সেইসব লোকদের আমন্ত্রণ জানাতে পারে না যারা সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য ইতিমধ্যে এলোপাথাড়িভাবে নির্বাচিত হয়নি।

কিন্তু NHS England রোগীদের থেকে তাদের পাওয়া পরিষেবাগুলির বিষয়ে মতামত শুনতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং অন্য কিছু উপায় আছে যার মাধ্যমে আপনি প্রতিক্রিয়া জানাতে পারেন। উদাহরণস্বরূপ, আপনার GP প্র্যাকটিসের ফ্রেন্ড অ্যান্ড ফ্যামিলি টেস্ট (FFT) প্রদান করা উচিত যা আপনাকে আপনার অভিজ্ঞতার বিষয়ে মন্তব্য করতে দেয়। এছাড়া আপনি আপনার পাওয়া পরিষেবাগুলির বিষয়ে প্রতিক্রিয়া জানাতে পারেন ওয়েবসাইটগুলিতে মন্তব্য পোস্ট করে যাতে অন্তর্ভুক্ত NHS website এবং Care Opinion-এ।
বিকল্পরূপে, আপনি কমিশনারকে প্রতিক্রিয়া জানাতে পারেন, যেটা হল সেই সংস্থা যারা আপনার পাওয়া পরিচর্যার জন্য অর্থ মেটান। GP পরিষেবাগুলির জন্য, আপনাকে আপনার স্থানীয় integrated care board (ICB)-এর সাথে যোগাযোগ করতে হবে।

### এই মুহূর্তে আমি কোন GP-এর কাছে রেজিস্টার্ড নই, আমি কি তাও অংশ নেব?

এই সমীক্ষাটি গত ছয় মাস ধরে GP প্র্যাকটিসের কাছে রেজিস্টার করে আছেন এমন লোকেদের কাছে পাঠানো হয়েছে। উক্ত সময়ে আপনি কোনো প্র্যাকটিসের কাছে রেজিস্টার করে থাকলে, এমনকি এখনও রেজিস্টার না থাকলেও, আপনি অংশ নিতে পারেন। আপনার GP প্র্যাকটিস সম্পর্কে জিজ্ঞাসা করা প্রশ্নাবলীর জন্য উক্ত সময়ে (বা উক্ত সময়ের বেশিরভাগ অংশে) আপনি যে প্র্যাকটিসের কাছে রেজিস্টার করেছিলেন তাদের বিষয়ে প্রশ্নগুলির উত্তর দিন। তবে, জেনারেল প্র্যাকটিসের অ্যাপয়েন্টমেন্ট (বা অন্য পরিষেবা) সম্পর্কিত প্রশ্নের জন্য অনুগ্রহ করে আপনার আগে কোনো জেনারেল প্র্যাকটিস অ্যাপয়েন্টমেন্ট ছিল এমনটির সম্পর্কে ভাবুন। এটা যে কোনো জেনারেল প্র্যাকটিসের অবস্থান হতে পারে যেমন GP প্র্যাকটিস, বা অন্যান্য স্থান যেমন GP হাব বা স্বাস্থ্য কেন্দ্রে।

### আমি সম্প্রতি আমার GP-এর সাথে যোগাযোগ করিনি, আমি কি তাও অংশ নিতে পারব?

হ্যাঁ, আপনি এ সত্ত্বেও অংশগ্রহণ করতে পারেন। যদি কোনো প্রশ্ন আপনার জন্য প্রযোজ্য না হয়, অনুগ্রহ করে 'এটি প্রযোজ্য নয়' (যেখানে অন্তর্ভুক্ত) বেছে নিন বা তা ফাঁকা রাখুন। অনলাইন সমীক্ষা স্বয়ংক্রিয়ভাবে কিছু প্রশ্নগুলি বাদ দিয়ে যাবে যা আপনার জন্য প্রাসঙ্গিক নয়। যদি আপনি কাগজের প্রশ্নমালাটি ব্যবহার করে অংশগ্রহণ করেন, তাহলে আমরা রুটিং নির্দেশাবলী অন্তর্ভুক্ত করেছি যাতে আপনার প্রাসঙ্গিক নয় এমন প্রশ্নগুলি এড়িয়ে চলায় সাহায্য হতে পারে।

### আমি অংশ নিতে না চাইলে আমার কার সাথে যোগাযোগ করা উচিত?

অংশ নেওয়া সম্পূর্ণ স্বেচ্ছামূলক, কিন্তু আমরা আশা করি আপনি অংশ নেবেন কারণ এটি আমাদেরকে তাদের GP প্র্যাকটিসে ও অন্যান্য স্থানীয় NHS পরিষেবায় অভিজ্ঞতার সর্বোত্তম সম্ভাব্য চিত্র দেবে।

আপনি যদি এই সমীক্ষা সম্পর্কে কোনো অনুস্মারক পেতে না চান, তাহলে অনুগ্রহ করে আপনি ফ্রিফোন 0800 819 9137 (সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 9টা; শনিবার সকাল 10টা থেকে বিকাল 5টা পর্যন্ত) নম্বরে কল করে Ipsos-এর সার্ভে হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন। এছাড়া আপনি Ipsos-কে অথবা GPPatientSurvey@ipsos@com-এ Ipsos-কে ইমেইল পাঠাতে পারেন।

অনুগ্রহ করে আপনার অ্যাক্সেস কোড প্রদান করতে প্রস্তুত থাকুন যা আপনি চিঠিটির মাঝখানে পেতে পারেন।

## সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য মানুষকে আপনি কিভাবে যোগাযোগ করেন? সমীক্ষটি কি বৈধ?

GP Patient Survey-তে অংশগ্রহণ করার জন্য NHS England-এর পক্ষ থেকে একটি স্বতন্ত্র মার্কেট রিসার্চ এজেন্সি Ipsos আপনাকে আমন্ত্রণ জানাবে। এটি একটি স্বেচ্ছামূলক সমীক্ষা, এবং ডাক মারফত এর প্রাথমিক আমন্ত্রণ পাঠানো হয়। আপনি অনলাইনে, কাগজে বা আমাদের টেলিফোন হেল্পলাইনে কল করে এই সমীক্ষায় অংশ নিতে পারেন।

এছাড়া আপনি টেক্সট বার্তা বা ইমেইল পেতে পারেন আপনাকে সমীক্ষায় অংশ নিতে আমন্ত্রণ জানিয়ে বা মনে করিয়ে। প্রত্যেক টেক্সট বার্তায় বা ইমেইল-এ হয় একটি অনলাইন সমীক্ষার অনন্য লিঙ্ক রয়েছে (যাতে আপনি আপনার অ্যাক্সেস কোড প্রবেশ করার প্রয়োজন ছাড়াই অনলাইনে অংশ নিতে পারেন) বা একটি ই-চিঠি আছে যা কিভাবে অংশগ্রহণ করতে হবে সে বিষয়ে তথ্য প্রদান করে।

আপনাকে সমীক্ষাটিতে কোনো চিহ্নিত করা যায় এমন তথ্য প্রদান করতে বলা হবে না, যেমন আপনার নাম, ঠিকানা বা ব্যাঙ্কের তথ্য। আপনাকে এই সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য কেউ বাসায় বা টেলিফোনে যোগাযোগ করবে না। যে কোনো এক সময়ে Ipsos বা অন্য গবেষণা কোম্পানিগুলির দ্বারা বিভিন্ন সমীক্ষা চালানো হবে, তার মধ্যের কিছু এই সমীক্ষার মত একই ধরণের প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে পারে। যদি কেউ বলেন যে তারা আপনাকে কল করছেন বা আপনার সাথে দেখা করছেন বিশেষভাবে ‘GP Patient Survey’-তে অংশগ্রহণ করতে আপনাকে বলার জন্য, তাহলে আমরা দৃঢ়তার সাথে জানাই যে আপনি তাদের সাথে কথা বলবেন না বা বাসায় ঢুকতে দেবেন না, এবং যে আপনি পুলিশের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার এই সমীক্ষার বিষয়ে আরো কিছু প্রশ্ন থাকে, Ipsos-এর একটি ফ্রীফোন সার্ভে হেল্পলাইন আছে। অনুগ্রহ করে কল করুন 0800 819 9137 নম্বরে (সোম থেকে শুক্রবার সকাল 8টা থেকে রাত 9টার মধ্যে অথবা শনিবার সকাল 10টা থেকে বিকেল 5টার মধ্যে)।

## NHS অ্যাপ থেকে আমি কেন নোটিফেকেশন পেলাম?

সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ বা রিমাইন্ডার হিসাবে আপনি হয়তো NHS অ্যাপ নোটিফিকেশন পেতে পারেন। প্রতিটি অ্যাপ নোটিফিকেশনে একটি করে ইউনিক লিঙ্ক থাকে (যার সাহায্যে আপনি নিজের অ্যাক্সেস কোড না-দিয়েও অনলাইনে অংশগ্রহণ করতে পারেন) বা একটি ই-লেটারের ইউনিক লিঙ্ক থাকে, যেখানে এই তথ্য থাকে যে কী ভাবে অংশগ্রহণ করতে হয়।

**সাধারণ:**

**0800 নম্বরে ফোন করার খরচ কত?**

ব্রিটেনে একটি প্রচলিত ল্যান্ডলাইন ফোন বা মোবাইল থেকে 0800 টেলিফোন নম্বরে করা সমস্ত কলগুলি বিনামূল্যের।

**Ipsos কাকে বলে?**

Ipsos একটি নিবন্ধিত এবং স্বাধীন সমীক্ষা সংস্থা যারা কঠোরভাবে মার্কেট রিসার্চ সোসাইটির নৈতিক আচরণ বিধি মেনে চলে। Ipsos UK এবং MORI, যাদের বিষয়ে আপনি হয়ত আলাদাভাবে শুনে থাকবেন, তারা 2005 সালের অক্টোবর মাসে একত্রিত হয়ে ব্রিটেনের দ্বিতীয় বৃহত্তম গবেষণা সংগঠন গড়ে তোলে।

Ipsos স্বীকৃত মূল্যায়ন সংস্থা মার্কেটিং কোয়ালিটি অ্যাশিওরেন্স (MQA) থেকে নতুন আন্তর্জাতিক প্রণালী স্ট্যান্ডার্ড ISO 20252 এবং ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ফর ইনফরমেশন সিকিউরিটি ISO 27001 পেয়েছে, এটা বিশ্বের প্রথম সমীক্ষা সংস্থা যারা উভয় মানদণ্ড অর্জন করেছে।

Ipsos-এর বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.ipsos.com/en-uk ওয়েবসাইট দেখুন।

## গোপনীয়তা এবং ডাটা সুরক্ষা

কীভাবে এবং কেন আমরা GP Patient Survey-র জন্য আপনার ব্যক্তিগত ডাটা ব্যবহার করছি এই বিভাগের তথ্যগুলো তা ব্যাখ্যা করে। এছাড়া আমরা আপনার অধিকারসমূহের রূপরেখা দিই এবং আপনার ডাটা ব্যবহার সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন বা উদ্বেগ থেকে থাকে তবে কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন তা জানাই।

### আমার সাথে যোগাযোগের বিবরণ আপনারা কীভাবে পেয়েছেন?

Ipsos আপনাকে NHS England-এর পক্ষ থেকে এই প্রশ্নমালা পাঠাচ্ছে। GP-র সাথে নিবন্ধিত NHS-এর রোগীদের তালিকা থেকে এলোপাথাড়িভাবে নামগুলো বেছে নেয়া হয়েছে। Ipsos যাতে আপনাকে এই গবেষণায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ করতে পারে তাই NHS England আপনার ব্যক্তিগত তথ্যের সীমিত পরিমাণ শেয়ার করেছে। এই ডাটায় অন্তর্ভুক্ত রয়েছে:

- আপনার নাম ও ঠিকানা
- GP প্র্যাকটিস কোড এবং NHS নম্বর
- লিঙ্গ এবং মাস / জন্ম বছর
- মোবাইল টেলিফোন নম্বর (লভ্য থাকলে)

Ipsos আপনার ডাটা গোপনীয় রাখবে এবং শুধু আপনাকে এই সমীক্ষায় অংশগ্রহণের আমন্ত্রণ জানানোর জন্য আপনার যোগাযোগের বিবরণ ব্যবহার করবে। সমীক্ষাটি শেষ হয়ে যাওয়ার পর, Ipsos সুরক্ষিতভাবে আপনার যোগাযোগের বিবরণ মুছে ফেলবে, যদি-না আপনি এই সম্মতি দিয়ে থাকেন যে, ভবিষ্যৎ গবেষণার জন্য আপনার সঙ্গে ফের যোগাযোগ করা হোক। সেই ক্ষেত্রে Ipsos আপনার ফোন নম্বর ইত্যাদি 24 মাস ধরে নিজের কাছে রাখবে। Ipsos-এর কাছে কারো স্বাস্থ্য সম্পর্কে কোন তথ্য নেই।

### আমার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করার জন্য আপনার আইনি ভিত্তি কী?

NHS England এই গবেষণাটি চালাচ্ছে GP প্র্যাকটিস এবং অন্যান্য স্থানীয় NHS পরিষেবাগুলো উন্নত করতে NHS-কে সহায়তা করার জন্য। এর ফলে তারা রোগীদের মতামতের প্রতি সাড়া দিয়ে স্থানীয় প্রয়োজনগুলো আরও ভালোভাবে মেটাতে পারবে। NHS রোগীদের সেবা দেওয়ার ক্ষেত্রে জনসাধারণকে সম্পৃক্ত করা তাদের আইনি দায়িত্ব (NHS Act 2006 এর সেকশন 13Q অনুযায়ী)।

NHS England হল GP Patient Survey-এর জন্য ব্যক্তিগত ডাটা প্রক্রিয়াকরণের জন্য ডাটা কন্ট্রোলার, যার অর্থ হল এই প্রক্রিয়াটি UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (UK GDPR) মেনে চলে কিনা তা নিশ্চিত করতে তারা দায়বদ্ধ।

GP Patient Survey-এর আইনত প্রক্রিয়াকরণের জন্য NHS England-এর ভিত্তি হল অনুচ্ছেদ 6(1) (ই) – *"কন্ট্রোলার-এর উপর ন্যস্ত জনস্বার্থে অথবা সরকারী কর্তৃপক্ষের অনুশীলনে সম্পন্ন করা একটি কার্য সম্পাদনের জন্য প্রক্রিয়াকরণ আবশ্যক"*। বিশেষ ধরনের ব্যক্তিগত ডাটা (যেমন স্বাস্থ্য, জাতিগত বা জাতিসত্তাগত উৎস অথবা যৌন অভিমুখিতা) প্রক্রিয়াকরণের জন্য অবশ্যই একটি অতিরিক্ত শর্ত, অনুচ্ছেদ 9(2)(h) "প্রতিরোধমূলক বা অক্যুপেশনাল ওষুধের জন্য, কর্মচারীর কর্মক্ষমতা মূল্যায়নের জন্য, মেডিকাল ডায়াগনোসিস এর জন্য, স্বাস্থ্যসেবা অথবা সামাজিক সেবা অথবা চিকিৎসা প্রদানের জন্য, অথবা স্বাস্থ্যসেবা অথবা সোশ্যাল কেয়ার সিস্টেম এবং পরিষেবাসমূহের ব্যবস্থাপনার জন্য প্রক্রিয়াকরণ অপরিহার্য"-এর প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। এর অর্থ হল NHS England যথাস্থানে যথাযথ সুরক্ষা সহকারে তাদের কাছে আপনার সম্পর্কে রাখা ব্যক্তিগত ডাটা গবেষণার জন্য ব্যবহার করতে পারবে। Ipsos হল সমীক্ষা সরবরাহের জন্য NHS England-এর নির্দেশে কাজ করা ডাটা প্রক্রিয়াকারী।

আপনি NHS England-এর গোপনীয়তার বিজ্ঞপ্তি https://www.england.nhs.uk/contact-us/privacy/privacy-notice/ ওয়েবসাইটে দেখতে পারেন।

এই সমীক্ষায় অংশ নেওয়া স্বেচ্ছাধীন। তবে, আপনি যদি ভবিষ্যতে অংশ নিতে না চান তাহলে অনুগ্রহ করে GPPatientSurvey@ipsos.com-এ ইমেইল করুন। এই ইমেইলে অনুগ্রহ করে আপনার অ্যাক্সেস কোড (চিঠির মাঝের অংশে অথবা প্রশ্নপত্রের সম্মুখভাগে থাকা) অন্তর্ভুক্ত করুন যা নির্দেশ করবে যে আপনি অংশ নিতে চান না।

## ন্যাশনাল ডাটা অপ্ট-আউটগুলো কি এই সমীক্ষায় প্রয়োগ করা হয়?

না। Department of Health and Social Care নিশ্চিত করেছে যে ন্যাশনাল ডাটা অপ্ট-আউট শুধুমাত্র তখনই প্রযোজ্য হয় যখন রোগীর গোপনীয় তথ্য কোন স্বতন্ত্র ব্যক্তির যত্ন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হয়। রোগীর গোপনীয় তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কোন স্বতন্ত্র ব্যক্তি সম্পর্কে ক্লিনিক্যাল ডাটা (যেমন কোনও মেডিকেল অবস্থা, প্রেসক্রিপশন বা প্রাপ্ত যত্ন) এবং কোন স্বতন্ত্র ব্যক্তি সম্পর্কে ব্যক্তিটির চিকিৎসার রেকর্ডের মাধ্যমে পাওয়া কোন তথ্য। GP Patient Survey সমীক্ষা করা হবে এমন ব্যক্তিদের বাছাই করতে এবং যোগাযোগ করতে GP প্র্যাকটিসের রোগীর রেজিস্ট্রেশন রেকর্ড থেকে আনা জনতত্ত্বমূলক তথ্য এবং যোগাযোগের বিবরণ ব্যবহার করে। কোন ক্লিনিক্যাল তথ্য ব্যবহার বা তথ্য অ্যাকসেস না করার কারণে এই ব্যক্তিগত ডাটা রোগীর গোপনীয় তথ্য হিসেবে শ্রেণিভুক্ত করা হয় না। সেই হিসাবে, ন্যাশনাল ডাটা অপ্ট-আউট GP Patient Survey-এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

## আমরা কি আপনার স্বাস্থ্য সম্পর্কিত ডাটার অ্যাকসেস পেয়েছি?

না, একেবারেই না। Ipsos-কে শুধুমাত্র আপনার GP প্র্যাকটিস কোড ও NHS নম্বর, নাম, যোগাযোগের বিবরণ, জন্মের মাস ও বছর এবং লিঙ্গ দেওয়া হয়েছে। NHS England আপনার স্বাস্থ্য সম্পর্কে Ipsos -কে কোন তথ্য দেয়নি - এটি আপনার এবং আপনার GP-এর মধ্যে গোপনীয় থাকবে।

Ipsos–কে আপনার NHS নম্বর দেওয়া হয়েছে যাতে আপনি যদি ইতিপূর্বে সমীক্ষাটি ছেড়ে বেরিয়ে গিয়ে থাকলে তারা যাতে আপনার সাথে আবার যোগাযোগ না করে তা নিশ্চিত করতে তারা যেন আপনাকে শনাক্ত করতে পারে। আপনার যোগাযোগের বিবরণ সমীক্ষার বিষয়ে আপনার সাথে যোগাযোগ করতে ব্যবহৃত হয়, এবং GP প্র্যাকটিস কোড কেবলমাত্র GP প্র্যাকটিসের প্রতি উত্তরগুলোতে লিঙ্ক করার জন্য ব্যবহৃত হবে।

জন্মের মাস ও বছর এবং লিঙ্গ সম্পর্কিত তথ্য শুধুমাত্র এটি নিশ্চিত করতে ব্যবহৃত হবে যে বেনামী করা সমীক্ষার তথ্য যাতে প্র্যাকটিসের জনগণের প্রোফাইলের সাথে যতটা সম্ভব কাছাকাছি মেলে।

**আমার যোগাযোগের বিবরণ কার সাথে শেয়ার করা হয়েছে**

সমীক্ষা পরিচালনা করার জন্য Ipsos নির্দিষ্ট কিছু সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে কাজ করছে। আপনাকে অংশ নিতে আমন্ত্রণ জানাতে নিম্নলিখিত সরবরাহকারী সংস্থাগুলির সাথে তাদের আপনার যোগাযোগের বিবরণ শেয়ার করতে হবে:

- Adare SEC; প্রিন্ট করা চিঠিপত্র এবং প্রশ্নপত্র
- Cisco; টেক্সট মেসেজ আমন্ত্রণ বিতরণ করা
- The Delivery Group এবং Royal Mail; বিতরণ এবং ডাকমাশুল

সমীক্ষার উত্তর সংগ্রহ করার জন্য ব্যবহৃত সমস্ত অ্যাপ্লিকেশন ও ডাটা-র Ipsos-কে হোস্টিং সার্ভিস Google Cloud Platform (GCP)। এই সমস্ত কিছুকে ম্যানেজ করে Ipsos।

এই সব সরবরাহকারী UK GDPR অনুমোদিত এবং মেনে চলে।

## কুকিজ

কিছু অনলাইন সমীক্ষা 'কুকিজ' ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ করে। এগুলো আপনার কম্পিউটারে জমা হওয়া ছোট ছোট ফাইল। এই ফাইলগুলো যতটা সম্ভব কম এবং শুধুমাত্র মান নিয়ন্ত্রণ এবং বৈধতা যাচাইয়ের জন্য ব্যবহার হয়। আপনার কম্পিউটারে ব্রাউজার সেটিংস নিয়ন্ত্রিত করার মাধ্যমে আপনার পক্ষে 'কুকিজ' মুছে ফেলা বা সেগুলোর ব্যবহার রোধ করা সম্ভব।

আপনার কম্পিউটারটি যে সফটওয়্যার ব্যবহার করছে সমীক্ষার প্রশ্নপত্রটি সেই সফটওয়্যারের জন্য উপযুক্ত আকারে পাঠানো হয়েছে কিনা তা নিশ্চিত করতে Ipsos স্বয়ংক্রিয়ভাবে আপনার অপারেটিং সিস্টেম, ডিসপ্লে সেটিংস সহ ব্রাউজারের ধরণ সম্পর্কে তথ্য গ্রহণ করে। Ipsos আপনার কম্পিউটার থেকে অন্য কোনও তথ্য গ্রহণ করে না।

## আপনার উত্তরগুলোর কী হবে? আপনার ডাক্তার কি এই সমীক্ষায় আপনার দেওয়া উত্তরগুলো দেখতে পাবেন?

আপনি একবার উত্তরগুলি দিলে, Ipsos আপনার উত্তরগুলো অন্য ব্যক্তিদের দেওয়া উত্তরগুলোর সাথে একত্রিত করে ফেলবে হবে ফলাফলগুলি প্রকাশ করার জন্য। আপনার প্রশ্নের ব্যক্তিগত উত্তরগুলি গোপনীয় থাকবে। Ipsos হয়ত সমীক্ষায় আপনার উত্তরগুলি অনুমোদিত গবেষকদের সাথে শেয়ার করবে, কিন্তু শুধু সেইভাবে যাতে আপনাকে চিহ্নিত না করা যায় এবং তথ্য প্রক্রিয়াকরণের কঠোর নিয়মগুলি মেনে। প্রকশিত কোনো ফলাফলে কেউ আপনাকে কোনোভাবে সনাক্ত করতে পারবেন না।

আপনার উত্তরগুলো আপনার ডাক্তার বা GP প্র্যাকটিসের কাছে ফেরত পাঠানো হবে না। NHS England-এর পক্ষ থেকে Ipsos এই ওয়েবসাইটটিতে আপনার প্র্যাকটিসের অন্যান্য মতামতের সাথে বেনামে এগুলো প্রকাশ করে: https://gp-patient.co.uk/.

## NHS England এর অনুমোদিত কর্মী এবং গবেষক কারা এবং তারা কীভাবে এই ফলাফলগুলো ব্যবহার করতে পারে?

ব্যক্তিগত রোগীর পর্যায়ে সমীক্ষার ডাটা ব্যবহার করতে পারার জন্য, NHS England এবং অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত গবেষক সহ সকল গবেষককে, অনুমতির জন্য আবেদন করতে হবে। প্রতিটি আবেদন অবশ্যই কঠোর অনুমোদন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে, যেখানে কী কাজ করা হবে তা নির্দিষ্ট করে উল্লেখ করা থাকবে, এমন একটি চুক্তি সহকারে যে যেকোনো প্রকাশনা কেবল সম্পূর্ণ বেনামী ডাটা ব্যবহার করবে। অন্যান্য সমস্ত ব্যবহারকারীরা বেনামী ডাটাগুলো কেবল জাতীয়, ICS, PCN বা প্র্যাকটিস পর্যায়ে ব্যবহার করতে পারবে।

## আমার ব্যক্তিগত তথ্য কোথায় রাখা ও প্রক্রিয়া করা হবে?

সমীক্ষার উত্তর সংগ্রহ করার জন্য ব্যবহৃত অ্যাপ্লিকেশনকে Google Cloud Platform (GCP) হোস্ট করে ফ্র্যাঙ্কফুর্ট, জার্মানিতে, এবং এই সমস্ত কিছুকে ম্যানেজ করে Ipsos।

একবার আপনি অংশগ্রহণ করলে, আপনার সমস্ত ব্যক্তিগত তথ্য Ipsos দ্বারা যুক্তরাজ্যের মধ্যে তথ্য কেন্দ্রগুলিতে এবং সার্ভারে RackSpace UK দ্বারা হোস্ট করা হবে। RackSpace UK Ipsos গ্রুপ পরিচালিত হোস্টেড পরিষেবা প্রদান করে, এটি শুধুমাত্র Ipsos-এর জন্য একান্ত অবকাঠামো। RackSpace অপারেটিং সিস্টেম স্তর পর্যন্ত সহায়তা প্রদান করে এবং Ipsos তাদের ইনস্টল করা অ্যাপ্লিকেশন এবং ডেটা পরিচালনা করে।

## আপনার ব্যক্তিগত তথ্য নিরাপদ রয়েছে তা আমরা কীভাবে নিশ্চিত করব?

Ipsos তার তথ্য নিরাপত্তার দায়বদ্ধতা গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং আপনার তথ্য হারিয়ে যাওয়া, চুরি বা অপব্যবহার হওয়ার থেকে সুরক্ষিত তা নিশ্চিত করার জন্য বিভিন্ন সতর্কতা গ্রহণ করে। নিরাপত্তার সতর্কতাতে অফিসের যথাযথ বাস্তব নিরাপত্তা এবং কম্পিউটার সিস্টেমে নিয়ন্ত্রিত এবং সীমিত অ্যাক্সেস অন্তর্ভুক্ত। ব্যক্তিগত তথ্য সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হয়েছে এবং প্রকল্পে সরাসরি জড়িত কর্মীরা কেবলমাত্র সেটি দেখতে পাবে এমনটা নিশ্চিত করতে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

Ipsos-এর তার তথ্য নিরাপত্তা নিয়ন্ত্রণ এবং কাজের ধরণের নিয়মিত অভ্যন্তরীণ ও বাহ্যিক অডিট রয়েছে এবং তথ্যের নিরাপত্তার জন্য, ISO 27001 আন্তর্জাতিক মানদণ্ডে স্বীকৃত।

প্রশ্নগুলোতে আপনার ব্যক্তিগত উত্তর আপনার নাম, যোগাযোগের বিবরণ বা NHS নম্বরের সাথে সংযুক্ত করা হবে না। Ipsos, এবং অনুমোদিত NHS England কর্মী ও গবেষকগণ ব্যক্তিবিশেষের উত্তরগুলোকে গোপনীয় বলে গণ্য করেন। তারা UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন এর সমস্ত দিক ও বিধান এবং সুরক্ষিত সংরক্ষণের প্রয়োজনীয়তাসহ অন্যান্য সমস্ত প্রাসঙ্গিক আইন মেনে চলেন।

আপনি যদি এই সম্মতি দেন যে, ভবিষ্যৎ সমীক্ষা বা গবেষণার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করা হোক, তাহলে আপনার উত্তরগুলিকে আপনার নাম ও ফোন নম্বর ইত্যাদির সঙ্গে যুক্ত করা হতে পারে। বিশদ তথ্যের জন্য অনুগ্রহ করে 'অনলাইন সার্ভে'-র এই FAQ দেখুন, "আমি যদি সম্মতি দিই যে পরবর্তী গবেষণার জন্য আমার সঙ্গে ফের যোগাযোগ করা হোক, তাহলে কী হবে?"

**Ipsos কতদিন ধরে আপনার ব্যক্তিগত তথ্য ও শনাক্তকরণযোগ্য উত্তর রক্ষা করবে?**

গবেষণা প্রকল্প এবং ফলাফলগুলি সমর্থন করার জন্য যতক্ষণ প্রয়োজন ততক্ষণ অবধি আপনাকে শনাক্ত করা যাবে এমন ভিত্তিতে Ipsos কেবলমাত্র আপনার তথ্য রক্ষা করবে। বাস্তবে, এর মানে হল যে আমরা পরিচয়হীন ভাবে গবেষণার ফলাফলগুলি সন্তোষজনকভাবে একবার জানিয়ে দিলে, আমরা আমাদের সিস্টেম থেকে নিরাপদে আপনার ব্যক্তিগত ও শনাক্ত করা যাবে এমন তথ্য অপসারণ করে দেব।

এই সমীক্ষাটির জন্য সেপ্টেম্বর 2025-এর মধ্যে আমরা আমাদের সিস্টেম থেকে আপনার ব্যক্তিগত ডাটা নিরাপদে সরিয়ে দেব।

এই সমীক্ষার শেষে আপনি যদি এই সম্মতি দেন যে, ফলো-আপ সমীক্ষা বা গবেষণার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করা হোক, তাহলে আপনার ফোন নম্বর ইত্যাদিকে আমাদের সিস্টেম থেকে এপ্রিল 2027-এর মধ্যে মুছে ফেলা হবে।

### আপনার GP প্র্যাক্টিস কীভাবে এই সমীক্ষাটির সাথে জড়িত?

প্রশ্নমালাটি ইংল্যান্ডের GP-র সাথে নিবন্ধিত ব্যক্তিদের থেকে একটি এলোপাথাড়ি নির্বাচনের জন্য পাঠানো হয়েছে এবং NHS England দ্বারা পরিচালিত একটি GP-র সাথে নিবন্ধিত রোগীদের তালিকা থেকে আপনার নামটি এলোপাথাড়িভাবে নির্বাচন করা হয়েছিল।

GP প্র্যাকটিস-এর অবগত থাকা উচিত যে সমীক্ষাটি করা হচ্ছে। সমীক্ষাটি শেষ হওয়ার পর তারা GP Patient Survey ওয়েবসাইট https://gp-patient.co.uk/-এর মাধ্যমে প্রাপ্তিসাধ্য তাদের প্র্যাকটিসের জন্য পরিচয়হীন, পরিসংখ্যানগত ফলাফলগুলো অ্যাকসেস করতে পারবে, তবে স্বতন্ত্র উত্তরগুলো অ্যাকসেস করতে পারবে না।

### সমীক্ষাটি কী নৈতিক অনুমোদন পেয়েছে?

2007 সালে প্রথম সমীক্ষাটি শুরু করার আগে সেন্ট্রাল অফিস ফর এথিক্স রিসার্চ কমিটি (COREC) এর সাথে Ipsos আলোচনা করে। Ipsos-কে পরামর্শ দেওয়া হয়েছিল যে এই সমীক্ষাটি "বিশুদ্ধ গবেষণা" নয় বরং "পরিষেবার মূল্যায়ন"- GP-রা তাদের রোগীদের যেই সেবা প্রদান করে তার মূল্যায়ন করার জন্য। ফলস্বরূপ, এই সমীক্ষাটির জন্য আনুষ্ঠানিক চিকিৎসা গবেষণার নৈতিক অনুমোদনের প্রয়োজন নেই। তবে, Ipsos গবেষণা নীতি সম্পর্কিত মার্কেট রিসার্চ সোসাইটি কোডটি কঠোরভাবে মেনে চলে এবং প্রদত্ত রোগীর বিবরণ এই সমীক্ষাটির উদ্দেশ্য ব্যতীত অন্য কোনও কিছুর জন্য ব্যবহার করা হয় না।

### UK জেনারেল ডাটা প্রোটেকশন রেগুলেশন (UK GDPR)

UK GDPR-এর মধ্যে অনেকগুলো অধিকার অন্তর্ভুক্ত রয়েছে, যদিও এর সবগুলোই প্রয়োগ হয় না যেখানে প্রক্রিয়াকরণের আইনি ভিত্তি হল জনসাধারণের কাজ, যার মধ্যে রয়েছে মুছে ফেলার অধিকার এবং ডাটা বহনযোগ্যতা।

Ipsos-এর কাছে রাখা যেকোনো ব্যক্তিগত ডাটা মুছে ফেলার আগে সেপ্টেম্বর 2025 পর্যন্ত সেটিতে প্রবেশের অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। ডাটা রিপোর্টিংয়ের জন্য ডাটা প্রক্রিয়াকরণ হওয়ার আগে (31 মার্চ 2025) যেকোনো সময় আপনার ব্যক্তিগত ডাটা বা আপনার দেওয়া সমীক্ষাটির উত্তরগুলো প্রক্রিয়াকরণের বিষয়ে আপত্তি জানাতে পারেন।

NHS England-কে অবশ্যই সাধারণভাবে এক মাসের মধ্যে আপনার অধিকার সম্পর্কিত অনুরোধগুলোতে সাড়া দিতে হবে, যদিও এর কিছু ব্যতিক্রম রয়েছে। NHS England-এর গোপনীয়তা নোটিশ আপনার অধিকার এবং সেগুলো কীভাবে চর্চা করতে হয় তা ব্যাখ্যা করে।

আমরা আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়া করেছি তার বিষয়ে আপনার যদি উদ্বেগ থেকে থাকে তবে আপনার ইনফরমেশন কমিশনার্স অফিস (ICO)-এর কাছে অভিযোগ জমা দেওয়ার অধিকার আছে। আপনি ইনফরমেশন কমিশনার্স অফিস -এর ওয়েবসাইট https://ico.org.uk/global/contact-us/ গিয়ে অথবা: casework@ico.org.uk ঠিকানায় একটি ইমেইল পাঠিয়ে কীভাবে যোগাযোগ করা যাবে তা সম্বন্ধে আপনি বিশদ পেতে পারেন।

**এই সমীক্ষা এবং/বা আপনার ব্যক্তিগত তথ্য সম্বন্ধে আপনি কীভাবে Ipsos ও NHS England – এর সাথে যোগাযোগ করতে পারবেন?**

**Ipsos এর সাথে যোগাযোগ করুন:**

এই গবেষণা সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে, এই গোপনীয়তা বিজ্ঞপ্তি, ডেটা সুরক্ষা আইনের সাথে আমাদের সম্মতি বা আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা তথ্য সম্পর্কে আরও তথ্যের প্রয়োজন, তবে দয়া করে গবেষণা দলের সাথে যোগাযোগ করুন। তাদের সাথে এখানে যোগাযোগ করা যেতে পারে:

ইমেইল: GPPatientSurvey@ipsos.com

ডাকযোগে:
The GPPS Team – Ipsos
3 Thomas More Square
London E1W 1YW

**NHS England–এর সাথে যোগাযোগ করুন:**

ইমেইল: england.contactus@nhs.net

টেলিফোন: 0300 311 22 33

ডাকযোগে:
NHS England

PO Box 16738
Redditch
B97 9PT